**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

পরিচালক
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট,
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

এবং

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়'এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট,
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

# সূচিপত্র

খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ...................................... ৩

উপক্রমণিকা ................................................................................................. ৪

সেকশন ১: ইনস্টিটিউটের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি .....৫

সেকশন ২: ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..........................৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .........................৭

সংযোজনী-১: শব্দসংক্ষেপ(Acronyms)........................................................................ ১০

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ,বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি'এর বিবরণ.... ১১

সংযোজনী-৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার উপর প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ .....১৩

# খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের কর্মসম্পাদনের সার্বিকচিত্র

(Overview of the Performance of Khagrachari Khudra Nrigosthir Sangskritik Institute)

## সাম্প্রতিক বছর সমূহের(৩বছর) প্রধান অর্জন সমূহ:

২০০৩ সালে প্রতিষ্ঠার পর হতে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীসমুহের সংস্কৃতির উন্নয়নে জন্য বিভিন্ন ধরনের কর্মসূচী বাস্তবায়ন করে যাচ্ছে। বিশেষ করে ক্ষুদ্র নৃগোষ্ঠীসমূহের ভাষা, সাহিত্য, সংস্কৃতি ইত্যাদি নানান বিষয়ে ২১টির অধিক বই প্রকাশ, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংস্কৃতির বিভিন্ন বিষয় নির্ধারণ করে সেমিনার আয়োজন করা হয়েছে। পার্বত্য চট্টগ্রামের এ সময়ে সবচেয়ে আলোচিত নৃগোষ্ঠী সমূহের মাতৃভাষা শিক্ষার উপর প্রতিবছর প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে আসছে যার মাধ্যমে এ পর্যন্ত চাকমা, মারমা এবং ককবরক ভাষার উপর ৭০০ জনের অধিক ছাত্র/ছাত্রী, প্রাথমিক স্কুলের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া নৃত্য-গীত, বাদ্যযন্ত্রের উপর নিয়মিত বিশেষ উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। ইনস্টিটিউটের লাইব্রেরীর জন্য ২ হাজার দূর্লভ এবং নৃগোষ্ঠী সংশ্লিষ্ট বই সংগ্রহ করা হয়েছে। এ পর্যন্ত যাদুঘরে চাকমা সমাজের লোককাহিনীতে উল্লেখিত বার্গীনোলার বাঁশী সহ বেশ কিছু মূল্যবান সামগ্রী সংগ্রহ করা হয়েছে।

## সমস্যা এবং চ্যালেঞ্জসসমূহ:

ক্ষুদ্র নৃগোষ্ঠীর জনগণের মধ্যে সংস্কৃতি সংরক্ষণ এবং লালনের গুরুত্ব বিষয়ে আরও সচেতনতা সৃষ্টির প্রয়োজনীয়তা রয়েছে। ক্ষুদ্র নৃগোষ্ঠী সমূহের নিজস্ব সংস্কৃতি রক্ষা এবং চর্চা অব্যাহত রাখার লক্ষে জনবল সংকট সবচেয়ে বড় সমস্যা। এ ছাড়াও পর্যাপ্ত বাজেট বরাদ্ধ, অবকাঠামো তৈরী, উপজেলা পর্যায়ে প্রান্তিক জনগোষ্ঠীর নিকট সুবিধা পৌছানো ইনস্টিটিউটের সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

## ভবিষ্যৎ পরিকল্পনা:

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটটি আরও গতিশীল করার জন্য একটি কর্মসূচী চলমান রয়েছে। শুধু তাই নয় জেলার সংস্কৃতি সেবী সমাজ যাতে সুবিধা ভোগ করতে পারে তার জন্য একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে গবেষকদের জন্য একটি আধুনিক লাইব্রেরী স্থাপন, প্রশিক্ষণার্থীদের থাকার ব্যবস্থার জন্য গেষ্ট হাউজ, অডিও, ভিডিও রেকডিং এর জন্য একটি অত্যাধুনিক স্টুডিও নির্মান, ক্ষুদ্র নৃ গোষ্ঠীর মহিলাদের কর্মসংস্থানের জন্য তাদের উৎপাদিত জিনিষপত্র বিক্রয়ের জন্য বিক্রয়কেন্দ্র নির্মান করার পরিকল্পনা রয়েছে। এছাড়াও জেলার প্রতিটি উপজেলায় একটি করে উপকেন্দ্র স্থাপনের পরিকল্পনা রয়েছে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের কর্মকান্ড অধিকতর সম্প্রসারণ এবং ইনস্টিটিউটের সুযোগ সুবিধাদি এ জেলায় বসবাসরত সকল ক্ষুদ্র নৃগোষ্ঠীর নিকট পৌঁছে দেওয়া এ ইনস্টিটিউটের অন্যতম প্রধান লক্ষ্য।

## ২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

* ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষা শিক্ষা কোর্স আয়োজনের মাধ্যমে মাতৃভাষা সংরক্ষণ এবং অক্ষর জ্ঞানসম্পন্ন শিক্ষার্থী তৈরি,
* ক্ষুদ্র নৃগোষ্ঠীর বেত ও বাশের বিভিন্ন আইটেম এবং বেইন বুনন প্রতিযোগীতা আয়োজনের মাধ্যমে দক্ষ বুনন শিল্পী তৈরি ও নিজস্ব পোশাকের ঐতিহ্য লালন,
* ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংগীত, নাট্যকলা, চিত্রাংকন ও নৃত্য বিষয়ে প্রশিক্ষন কোর্স আয়োজনের মাধ্যমে বিজ্ঞান ও সংস্কৃতি মনস্ক আধুনিক সমাজ তৈরী,
* ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষায় সাহিত্য প্রতিযোগিতা ও রচনা প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে লেখক ও সাহিত্যিক সৃষ্টি,
* ক্ষুদ্র নৃগোষ্ঠীর লোকসাংস্কৃতিক উৎসব ও খাদ্য উৎসব আয়োজনের মাধ্যমে লোকসংস্কৃতির ঐতিহ্য সংরক্ষণে সচেতনতা সৃষ্টি,
* ইনস্টিটিউট জাদুঘরের জন্য ক্ষুদ্র নৃগোষ্ঠীর দুষ্প্রাপ্য সামগ্রী ও প্রত্নবস্তু সংগ্রহের মাধ্যমে ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণ,
* অভিনয় প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের মাধ্যমে দক্ষ অভিনয় শিল্পী তৈরি এবং নাটক মঞ্চায়ন,
* বাংলা নববর্ষ ও সাংগ্রাইং-বিজু-বৈসু উৎসবসহ জাতীয় দিবস উদ্‌যাপন এবং স্বল্প মেয়াদী কণ্ঠ সংগীত, নৃত্য ও যন্ত্র (তবলা) শিক্ষা কোর্সের মাধ্যমে ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিল্পীদের জাতীয় সংস্কৃতির মূল স্রোতোধারায় সম্পৃক্তকরণ।

# উপক্রমণিকা(Preamble)

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি-এর পরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর মধ্যে ২০১৭ সালের সেপ্টেম্বর মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয় সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

# ইনস্টিটিউটের রূপকল্প (Vision), অভি লক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

সংস্কৃতিমনস্ক জাতি গঠনে পার্বত্য ক্ষুদ্র নৃগোষ্ঠী সমূহকে সম্পৃক্ত করা।

### ১.২ অভি লক্ষ্য (Mission):

ক্ষুদ্র নৃগোষ্ঠীর কৃষ্টি, সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য, লোকশিল্প, মাতৃভাষা, বর্ণমালা, সাহিত্য, রীতিনীতি, প্রথা ইত্যাদি সংরক্ষণ এবং গবেষণার মাধ্যমে যুগোপযোগী উন্নয়ন ও উৎকর্ষ সাধন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ ইনস্টিটিউটের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সংস্কৃতিসচেতন আলোকিত সমাজ প্রতিষ্ঠার জন্য ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিল্প-সংস্কৃতির সংরক্ষণ ও উৎকর্ষ সাধন

২. ক্ষুদ্র নৃগোষ্ঠীর ইতিহাস সংরক্ষণ এবং লোকজ ও সাংস্কৃতিক ঐতিহ্য ভিত্তিক চেতনার লালন

৩. ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষা ও বর্ণমালা সমৃদ্ধকরণ এবং সমকালীন শিল্প ও সাহিত্যের বিকাশ সাধন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

২. দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন

৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন

৪. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়নসাধন

### ১.৪ কার্যাবলি (Functions):

১. ক্ষুদ্র নৃগোষ্ঠীর ইতিহাস এবং সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্য বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও গবেষণা

২. ক্ষুদ্র নৃগোষ্ঠীর সমাজ ও সংস্কৃতির উপর সেমিনার আয়োজন, পুস্তক প্রকাশনা ও প্রামাণ্য চিত্র ধারণ ও প্রচার

৩. ক্ষুদ্র নৃগোষ্ঠীর জনগণকে জাতীয় সংস্কৃতির মূল স্রোতোধারার সাথে সম্পৃক্ত করার লক্ষ্যে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ

৪. আন্তঃজেলা সাংস্কৃতিক বিনিময় কর্মসূচি গ্রহণ এবং দেশ ও বিদেশে আঞ্চলিক সাংস্কৃতিক কার্যক্রম তুলে ধরা

৫. ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্য বাহী উৎসব, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগিতা আয়োজন

৬. ভাষা, সাহিত্য, সংগীত, নৃত্য ও নাট্য বিষয়ে প্রশিক্ষণ ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা

৭. সাংস্কৃতিক ও নাট্য সংগঠনকে উৎসাহ প্রদান এবং কৃতী ও বরেণ্য শিল্পীদের সম্মানী ও সম্মাননা প্রদান

৮. ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্য বাহী সাংস্কৃতিক উপকরণাদি সংগ্রহপূর্বক জাদুঘর স্থাপন।

## ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্তফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের নাম | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | |
| মাতৃভাষার (অক্ষর জ্ঞান) শিক্ষা গ্রহণে উৎসাহ সৃষ্টি | শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি | জন | ৩০০ | ৩৫০ | ৪৮০ | ৪৮৫ | শিক্ষা বিভাগ | নিজস্ব |
| ইনস্টিটিউটের সার্বিক কার্যক্রমে জনসম্পৃক্ততা বৃদ্ধি | অংশগ্রহণকারীগণের ক্রমবর্ধমানহার | % | ৩৬ % | ৪৭ % | ৪৮ % | ৫০ % | শিক্ষা বিভাগ | নিজস্ব |
| মাতৃভাষা বিষয়ক একটি পত্রিকা প্রকাশ | চাকমা, মারমা ও ককবরক ভাষায় | ১টি | - | ১ | ১ | ১ | শিক্ষা বিভাগ | নিজস্ব |

*সাময়িক(Provisional)তথ্য

সেকশন -৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৬-১৭ | প্রক্ষেপণ ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| [১] সংস্কৃতি সচেতন আলোকিত সমাজ প্রতিষ্ঠায় ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিল্প-সংস্কৃতির সংরক্ষণ ও উৎকর্ষ সাধন | ৬০ | [১.১] ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংগীত ও নৃত্য, বাদ্যযন্ত্র ও নাটকের উপর বিশেষ প্রশিক্ষণ কোর্স আয়োজন | [১.১.১] আয়োজিত কোর্স | ৪ টি | ৮.০০ | ১০০ | ৪ | ৩ | ২ | ১ | - | ৬ | ৮ |
| | | | [১.১.২] প্রশিক্ষণ গ্রহণকারী | ১২০ | ৮.০০ | ১০০% | ৮০ | ৭০ | ৭৫ | ৭৩ | ৭৪ | ১৮০ | ২০০ |
| | | [১.২] ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষায় রচনা, আবৃত্তি এবং চিত্রাংকন, প্রতিযোগিতা আয়োজন | [১.২.১] আয়োজিত প্রতিযোগিতা | ৩টি | ৬.০০ | ১০০% | ৩ | ২ | - | - | - | ৪ | ৪ |
| | | | [১.২.২] পুরস্কার বিতরণ | সংখ্যা | ৬.০০ | ১০০% | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ১৩ | ৩৫ | ৩৫ |
| | | [১.৩] বাংলা নববর্ষ ও সাংগ্রাইং-বিজু-বৈসু উৎসব অনুষ্ঠান আয়োজন | [১.৩.১] আয়োজিত অনুষ্ঠান | ১টি | ১০.০০ | ১০০% | ৫ | ৪ | ৩ | ২ | - | ১ | ১ |
| | | [১.৪] বাংলা নববর্ষ ও সাংগ্রাইং-বিজু-বৈসু উৎসবে আলোচনা/সেমিনার আয়োজন | [১.৪.১] আয়োজিত কর্মশালা | ২টি | ৬.০০ | ১০০% | ১ | - | - | - | - | ২ | ২ |
| | | | [১.৪.২] অংশগ্রহণকারী | ১০০ জন | ৬.০০ | ১০০% | | ৫৬ | ৫৫ | ৫৪ | ৫৩ | ৫৮ | ৫৯ |
| | | [১.৬] ক্ষুদ্র নৃগোষ্ঠীর সম্পর্কিত বই মুদ্রণ | [১.৫.১] পরিমান | ২টি | ৪.০০ | ১০০% | ৩ | ২ | ১ | - | - | ৪ | ৪ |
| | | [১.৭] বিদেশী লোক সংস্কৃতি উৎসবে অংশগ্রহন | [১.৭.১] পরিমান | ১টি | ২.০০ | ১০০% | | | | | | | |
| | | [১.৮] ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিল্পীদের অডিও/ভিডিও সিডি প্রকাশ | [১.৫.১] পরিমান | ১টি | ২.০০ | ১০০% | | | | | | | |
| | | [১.৯] ক্ষুদ্র নৃগোষ্ঠীর গুণী শিল্পীদের সম্মাননা প্রদান | [১.৫.১] পরিমান | ৫জন | ২.০০ | ১০০% | | | | | | | |
| [২] ক্ষুদ্র নৃগোষ্ঠীর ইতিহাস সংরক্ষণ এবং লোকজ ও সাংস্কৃতিক ঐতিহ্য ভিত্তিক চেতনার লালন | ২০ | [২.১] গবেষণায় কার্যক্রম | [২.১.১] পরিমান | ১টি | ৪.০০ | ১০০% | | | | | | | |
| | | [২.২] ক্ষুদ্র নৃগোষ্ঠীর খাদ্য উৎসব আয়োজন | [২.২.১] আয়োজিত খাদ্য উৎসব | ১টি | ২.০০ | ৮০% | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| | | | [২.২.২] প্রদর্শিত খাবার বা খাদ্য | ৪০টি | ২.০০ | ২২ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ২৩ | ২৪ |
| | | [২.৩] ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী বেইনবুনন প্রতিযোগতার আয়োজন | [২.৩.১] আয়োজিত প্রতিযাগিতা | ১টি | ২.০০ | ১০০% | ৩ | ২ | - | - | - | ৪ | ৪ |
| | | | [২.৩.২] অংশগ্রহণকারী | ৩০ জন | ৩.০০ | ৫৬ | ৫৬ | ৪০ | ২০ | ২০ | ১৬ | ৬৮ | ৭২ |
| | | [২.৪] ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী খেলাধুলার প্রতিযোগীতার আয়োজন | [২.৪.১] পরিমান | ৩টি | ১.০০ | ১০০% | ৫ | ৪ | - | - | - | ৫ | ৬ |
| | | [২.৫] ইনস্টিটিউট জাদুঘরের জন্য ক্ষুদ্র নৃগোষ্ঠীর দুষ্প্রাপ্য সামগ্রীও প্রত্নবস্তুসংগ্রহ | [২.৫.১] পরিমান | ১টি | ৩.০০ | - | ১২৪ | ১২০ | ১১৫ | ১১০ | ১০৫ | ১২৫ | ১২৬ |
| | | [২.৬] ইনস্টিটিউট জাদুঘরের ছাত্র ছাত্রীদের পরিদর্শনের ব্যবস্থা গ্রহন | [২.৬.১] পরিমান | ১০০জন | ৩.০০ | - | | | | | | | |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যেখসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মুল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | ৩১.০৮.১৬ | ০১.০৯.১৬ | ০২.০৯.১৬ | ০৩.০৯.১৬ | ০৪.০৯.১৬ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | ৩ | ২ | ১ | | | | |
| | | [১.৪] বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | [১.৪.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদনের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] প্রশিক্ষণেকর্মকর্তাপ্রেরিত | সংখ্যা | ১.০০ | | ৩ | ২ | ১ | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৪ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে ইনস্টিটিউটের সিটিজেন চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে ইনস্টিটিউটের সিটিজেন চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ২.০০ | | ১৫.১০.১৬ | ১৮.১০.১৬ | ২০.১০.১৬ | ২২.১০.১৬ | ২৫.১০.১৬ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থাবাস্তবায়ন | [২.২.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] ইনস্টিটিউটের কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়াসহজীকৃত | তারিখ | ১.০০ | | ১৫.১০.১৬ | ২২.১০.১৬ | ৩০.১০.১৬ | ০৭.১১.১৬ | ১৫.১১.১৬ | | |
| [৩] প্রশাসনিক সংস্কার ও নৈতিকতারউন্নয়ন | ৫ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১.০০ | | ৩০.১১.১৬ | ০৭.১২.১৬ | ১৪.১২.১৬ | ২১.১২.১৬ | ২৮.১২.১৬ | | |
| | | | [৩.১.২] জুন ২০১৬'এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনা কার্যক্রম বাস্তবায়িত | % | ১.০০ | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ৩ | [৪.১] তথ্য প্রকাশ নীতিমালা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নীতিমালা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | ১৫.১০.১৬ | ২২.১০.১৬ | ৩০.১০.১৬ | ০৭.১১.১৫ | ১৫.১১.১৫ | | |
| | | [৪.২] প্রশাসনিক মন্ত্রণালয়ে বার্ষিক প্রতিবেদন প্রেরণ | [৪.২.১] বার্ষিকপ্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | ৩০.১১.১৬ | ০৭.১২.১৬ | ১৪.১২.১৫ | ২১.১২.১৬ | ২৮.১২.১৬ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়নপ্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

* সাময়িক(Provisional) তথ্য

**সংযোজনী ১**

**শব্দসংক্ষেপ(Acronyms)**

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ(Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | সবিম | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ২ | বাজাজা | বাংলাদেশ জাতীয় জাদুঘর |
| ৩ | বালোকাফা | বাংলাদেশ লোক ও কারুশিল্পফাউন্ডেশন |
| ৪ | প্রঅ | প্রত্নতত্ত্ব অধিদপ্তর |
| ৫ | গগ্রঅ | গণ গ্রন্থাগার অধিদপ্তর |
| ৬ | আগ্রঅ | আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর |
| ৭ | জাগ্রকে | জাতীয় গ্রন্থ কেন্দ্র |
| ৮ | বাএ | বাংলা একাডেমি |
| ৯ | নই | নজরুল ইন্সটিটিউট |
| ১০ | কঅ | কপিরাইট অফিস |
| ১১ | মাপ্র | মাঠ প্রশাসন |
| ১২ | বাশিএ | বাংলাদেশ শিল্পকলা একাডেমী |
| ১৩ | ক্ষুনৃসাই | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট |

## সংযোজনী ২: কর্মসম্পাদন সূচক সমূহ বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদনসূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংগীত ও নৃত্য, চিত্রাঙ্কন, অভিনয়, নৃত্য-গীত ও যন্ত্র সংগীত (তবলা) প্রশিক্ষণ কোর্স আয়োজন | [১.১.১] আয়োজিত কোর্স | বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংগীত ও নৃত্য, চিত্রাঙ্কন, নৃত্য –গীত ও যন্ত্র সংগীত(তবলা) বিষয়ে প্রশিক্ষণ দান | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.১.২] প্রশিক্ষণ গ্রহণকারী | বিষয় ভিত্তিক প্রশিক্ষণে শিল্পী ও ছাত্রছাত্রীদের অংশগ্রহণ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিকপ্রতিযোগিতা, বাংলা নববর্ষ ও সাংগ্রাইং-বিজু-বৈসুউৎসব এবং জাতীয় দিবস উপলক্ষে সাহিত্যও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন | [১.২.১] আয়োজিত প্রতিযোগিতা | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিযোগিতা, বাংলা নববর্ষ ওসাংগ্রাইং-বিজু-বৈসু উৎসব এবং বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষে সাহিত্যও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.২.২] পুরস্কার বিতরণ | বিষয়ভিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিল্পী ও ছাত্রছাত্রীদের পুরস্কার প্রদান | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] বাংলা নববর্ষ ও সাংগ্রাইং-বিজু-বৈসু উৎসবে অনুষ্ঠান আয়োজন | [১.৩.১] আয়োজিত অনুষ্ঠান | বাংলা নববর্ষ ও সাংগ্রাইং-বিজু-বৈসুউৎসব উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠান আয়োজন | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] বাংলা নববর্ষ ও সাংগ্রাইং-বিজু-বৈসুউৎসবে আলোচনা সভা আয়োজন | [১.৪.১] আয়োজিত আলোচনা সভা | বাংলা নববর্ষ ও সাংগ্রাইং-বিজু-বৈসু উৎসব উদ্‌যাপন উপলক্ষে আলোচনা সভার আয়োজন | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.৪.২] অংশগ্রহণকারী | সংশ্লিষ্ট বিষয়ে স্টেকহোল্ডার ও অভিজ্ঞ রিসোর্স পার্সন গণের অংশগ্রহণ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৫] ক্ষুদ্র নৃগোষ্ঠীর নাটক মঞ্চায়ন | [১.৫.১] মঞ্চ নাটক | বিষয় ভিত্তিক প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণপ্রাপ্ত শিল্পী ও ছাত্রছাত্রীদের অংশগ্রহণে নাটক মঞ্চায়ন | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] ক্ষুদ্র নৃগোষ্ঠীর লোকসাংস্কৃতিক উৎসবআয়োজন | [২.১.১] আয়োজিত উৎসব | খাগড়াছড়ি পার্বত্য জেলায় বসবাসরত সকল ক্ষুদ্র নৃগোষ্ঠীর লোক শিল্পীদের অংশগ্রহণে লোক সাংস্কৃতিক উৎসব আয়োজন | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.১.২] অংশগ্রহণকারী শিল্পী | খাগড়াছড়ি পার্বত্য জেলায় বসবাসরত সকল ক্ষুদ্র নৃগোষ্ঠীর লোক শিল্পীদের অংশগ্রহণ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] ক্ষুদ্র নৃগোষ্ঠীর খাদ্য উৎসব আয়োজন | [২.২.১] আয়োজিত খাদ্য উৎসব | খাগড়াছড়ি পার্বত্য জেলায় বসবাসরত বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর খাদ্য উৎসব আয়োজন | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.২.২] প্রদর্শিত | খাদ্য উৎসবে অংশগ্রহণকারীগণ কর্তৃক বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রদর্শিত খাদ্য সামগ্রী | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদনসূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবংউপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.৩] ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্য বাহী বেইন বুনন প্রতিযোগীতার আয়োজন | [২.৩.১] আয়োজিত কোর্স | বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী তাঁত বুনন ও পোশাক তৈরি প্রশিক্ষণ কোর্স আয়োজন | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের মাসিক ও বার্ষিক প্রতিবেদন | |
| | [২.৩.২] অংশগ্রহণকারী | বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর মহিলাগণের অংশগ্রহণ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের মাসিক ও বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] ইনস্টিটিউট জাদুঘরেরজন্য ক্ষুদ্র নৃগোষ্ঠীর দুষ্প্রাপ্য সামগ্রীও প্রত্নবস্তু সংগ্রহ | [২.৪.১] সংগৃহীত সামগ্রী | বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর দুষ্প্রাপ্য সামগ্রীও প্রত্নবস্তু সংগ্রহক্রমে ইনস্টিটিউট জাদুঘরে সংরক্ষণ ও প্রদর্শন | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের মাসিক ও বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষা শিক্ষা কোর্স আয়োজন | [৩.১.১] আয়োজিত কোর্স | বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষার (বর্ণমালা) শিক্ষা কোর্স আয়োজন | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের মাসিক ও বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.১.২] প্রশিক্ষণ গ্রহণকারী | বিষয়ভিত্তিক প্রশিক্ষণে ছাত্রছাত্রীদের অংশগ্রহণ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের মাসিক ও বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষায় প্রতিযোগিতা ও পার্বত্য চট্টগ্রাম ও ক্ষুদ্র নৃগোষ্ঠী বিষয়ক রচনা প্রতিযোগিতা আয়োজন | [৩.২.১] আয়োজিত প্রতিযোগিতা | বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষার (বর্ণমালার) মাধ্যমে সাহিত্য প্রতিযোগিতা এবংপার্বত্য চট্টগ্রাম ও ক্ষুদ্র নৃগোষ্ঠীবিষয়ক রচনা প্রতিযোগিতা আয়োজন | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের মাসিক ও বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.২.২] পুরস্কার বিতরণ | বিষয়ভিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের পুরস্কার প্রদান | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের মাসিক ও বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/অধি দপ্তর/সংস্থার উপর প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তা সমূহ

| প্রতিষ্ঠানেরধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট ইনস্টিটিউটেরপ্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| স্থানীয় সরকার প্রতিষ্ঠান | খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ | প্রেরিত নথিতে উপস্থাপিত প্রস্তাব অনুমোদনও চেকে স্বাক্ষর দান | যথাশীঘ্র সম্ভব নথিতে উপস্থাপিত প্রস্তাব অনুমোদনও চেকে স্বাক্ষর দান | ক্ষুদ্র নৃগোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ অনুসারে খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের তহবিল খাগড়াছড়ি জেলা পরিষদের চেয়ারম্যান এবং খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের পরিচালকের যৌথ স্বাক্ষরে পরিচালিত হয় | ৩০ % | কর্মসূচি বাস্তবায়ন বা কর্মসম্পাদন বিলম্বিত হবে |

আমি, পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর সচিব-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি -এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

পরিচালক
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।

তারিখ

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

১৫.০৬.১৭
তারিখ